

EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Weekly Current Affairs – 28th Oct' – 03rd Nov' 2025

জাতীয় ঘটনাবলি

1. প্রথম ভারতীয় রাষ্ট্রপতি হিসাবে রাফাল জেটে উড়লেন দ্রৌপদী মুর্মু। হরিয়ানার আম্বালা এয়ারবেস থেকে তিনি এই সফর করেন।
2. 2025 সালের অক্টোবরে খাদ্য ও কৃষি সংস্থা (FAO) কর্তৃক প্রকাশিত সর্বশেষ গ্লোবাল ফরেস্ট রিসোর্সেস অ্যাসেসমেন্ট (GFRA) 2025 রিপোর্ট অনুসারে, মোট বনভূমির দিক থেকে ভারত বিশ্বব্যাপী 9ম স্থানে রয়েছে। শীর্ষ স্থানে রয়েছে রাশিয়া। বিশ্বের মোট বনভূমির প্রায় 2% অর্থাৎ প্রায় 72.74 মিলিয়ন হেক্টর জুড়ে বনাঞ্চল বিস্তৃত।
3. ভারতের প্রথম শহর হিসেবে Real-Time Flood Forecasting System কার্যকর করল চেন্নাই। সিস্টেমটি বিভিন্ন সেন্সর (স্বয়ংক্রিয় বৃষ্টি পরিমাপক (ARGs), স্বয়ংক্রিয় আবহাওয়া স্টেশন (AWS), এবং স্বয়ংক্রিয় জলস্তর রেকর্ডার (AWLRs)) থেকে প্রাপ্ত তথ্য একীভূত করে, রাস্তার স্তরের বন্যার পূর্বাভাস প্রদান করে, ফলে দুর্যোগ প্রস্তুতি এবং শহুরে বন্যার প্রতিক্রিয়ায় সহায়তা করে।
4. 31 অক্টোবর থেকে 11 নভেম্বর পর্যন্ত 12 দিন ধরে অপারেশন ত্রিশূল শুরু হল গুজরাট সীমান্তে। ভারতীয় স্থল, নৌ এবং বায়ুসেনার মধ্যে সমন্বয়মূলক এই মহড়া। প্রতিরক্ষা বাহিনীকে যেকোনো সময়ে যেকোনো পরিস্থিতিতে প্রস্তুত রাখা-এর লক্ষ্য।
5. আইআইটি মাদ্রাজ প্রবর্তক টেলিকম সিকিউরিটি টেস্টিং ল্যাব ভারতের প্রথম 5G কোর নেটওয়ার্ক ফাংশন এবং গ্রুপ-1 ডিভাইস পরীক্ষা করার জন্য কেন্দ্রীয় টেলিযোগাযোগ বিভাগ (DoT) থেকে অনুমোদন পেয়েছে।
6. দেহরাদুনে Uttarakhand AI Impact Summit 2025 উদ্বোধন করলেন কেন্দ্রীয় রাজ্য মন্ত্রী জিতিন প্রসাদ।
7. ভারতীয় রেলওয়ের ডিজিটাল অবকাঠামোর জন্য সাইবার নিরাপত্তা পরিষেবা প্রদানের জন্য এয়ারটেল বিজনেস ইন্ডিয়ান রেলওয়ে সিকিউরিটি অপারেশনস সেন্টার (IRSOC)-এর সাথে বহু-বছরের চুক্তি স্বাক্ষর করল।
8. প্রথমবার Asia-Pacific Aircraft Accident Investigation Group (APAC-AIG) Meeting 2025 হোস্ট করবে ভারত। 28-31 অক্টোবর না দিল্লিতে এটি আয়োজিত হবে।
9. COP10 Asia-Pacific Bureau-এর ভাইস-চেয়ার হিসেবে পুনরায় নিযুক্ত হল ভারত।
10. মহারাষ্ট্রের গুন্ডাবাদ রেলওয়ে স্টেশনের নাম পরিবর্তন করে রাখা হল ছত্রপতি সম্ভাজিনগর স্টেশন।
11. 1লা ডিসেম্বর, 2025 থেকে রাজ্যে প্রবেশকারী সমস্ত যানবাহনের উপর Green Tax আরোপ করতে চলেছে উত্তরাখণ্ড।
12. 'Udbhav Utsav 2025' নামে আন্তর্জাতিক নৃত্য ও সঙ্গীত উৎসব আয়োজিত হচ্ছে মধ্যপ্রদেশের গোয়ালিয়রে।
13. ক্লাসরুমে AI এবং প্রযুক্তি-চালিত শিক্ষাকে উৎসাহিত করতে IIT Madras-এর সাথে MoU স্বাক্ষর করল NCERT (National Council of Educational Research and Training)।
14. উত্তরপ্রদেশের 76তম জেলা তৈরি হল কল্যাণসিং নগর।
15. ভারতে SJ-100 Passenger Aircraft তৈরির জন্য রাশিয়ার সাথে MOU স্বাক্ষর করল Hindustan Aeronautics Limited (HAL)।
16. ঝাড়খণ্ডের সারান্দা বনকে বন্যপ্রাণী অভয়ারণ্য হিসেবে ঘোষণা করার নির্দেশ দিল সুপ্রিম কোর্ট।
17. Cross-Border Energy Transmission উন্নত করতে নেপালের সাথে চুক্তি স্বাক্ষর করল ভারত।
18. সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে GSAT-7R (CMS-03) স্যাটেলাইটটি সফলভাবে উৎক্ষেপণ করলো ISRO। ভারত মহাসাগর অঞ্চলে ভারতীয় নৌবাহিনীর নজরদারি এবং যোগাযোগকে শক্তিশালী করবে এই স্যাটেলাইট।
19. ভারতের 94তম রামসার সাইট হিসেবে ঘোষিত হল বিহারের গোগাবিল হ্রদ।
20. ছত্তিশগড়ে 14,260 কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
21. দিল্লিতে National FPO Conclave 2025-এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় কৃষি। কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান।

আন্তর্জাতিক ঘটনাবলি

1. ASEAN-এর 11তম সদস্য হল তিমুর। (**তিমুর দক্ষিণ-পূর্ব এশিয়া এবং ওশেনিয়ার একটি দেশ। রাজধানীর নাম দিলি এবং প্রচলিত মুদ্রার নাম ইউএস ডলার।) (**ASEAN - Association of Southeast Asian Nations)

2. স্পেনের Ocean Sky 2025 Air Combat Exercise-এ অংশগ্রহণকারী প্রথম Non-NATO দেশ হল ভারত। 20-31 অক্টোবর, 2025 তারিখে স্পেনের ক্যানারি দ্বীপপুঞ্জের গ্যাভো বিমান ঘাঁটিতে স্প্যানিশ বিমান বাহিনীর কর্তৃক এটি অনুষ্ঠিত হল।
3. 4th Financial Action Task Force (FATF) Plenary Meeting অনুষ্ঠিত হল ফ্রান্সের প্যারিসে।
4. বলিভিয়ার নতুন রাষ্ট্রপতি পদে নির্বাচিত হলেন Rodrigo Paz. (বলিভিয়ার দুটি রাজধানী- সুক্রে ও লা পাজ)।
5. সহিংস অপরাধ বৃদ্ধির প্রতিক্রিয়ায় রাজধানী লিমাতে 30 দিনের জরুরি অবস্থা ঘোষণা করল পেরু।
6. 11th World Para Powerlifting Championships 2025 অনুষ্ঠিত হল মিশরের কায়রোতে।
7. 14th India-Bhutan Border Management and Security Meeting অনুষ্ঠিত হল ভুটানের থিম্পুতে।
8. '2025 PN7' নামক গ্রহাণুকে পৃথিবীর নতুন "আধা-চাঁদ" হিসাবে নিশ্চিত করল NASA (National Aeronautics and Space Administration).
9. আয়ারল্যান্ডের দশম রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হলেন Catherine Connolly. (***)আয়ারল্যান্ডের রাজধানীর নাম ডাবলিন।
10. 'JPYC' নামে বিশ্বের প্রথম Yen-Pegged Stablecoin লঞ্চ করল জাপান। এটি একটি স্টেবলকয়েন যা সম্পূর্ণরূপে ইয়েনে রূপান্তরযোগ্য এবং দেশীয় সঞ্চয় এবং জাপানি সরকারি বন্ড (JGB) দ্বারা সমর্থিত।
11. চীনের বেইজিংয়ে অবস্থিত ভারতীয় দূতাবাসে রবীন্দ্রনাথ ঠাকুরের একটি আবক্ষ মূর্তি উন্মোচন করা হল।
12. বিশ্বের প্রথম Nuclear-Powered Cruise Missile 'Burevestnik'-এর সফলভাবে পরীক্ষা করল রাশিয়া।
13. ভিয়েতনামের রাজধানী হ্যানয়ে অনুষ্ঠিত UN Cybercrime Convention-এ স্বাক্ষর করেছে 72 টি দেশ।
14. International Space Station (ISS)-এ HTV-X1 Cargo Spacecraft সফলভাবে উৎক্ষেপণ করল জাপান।
15. Feilian Constellation নামে বিশ্বের প্রথম 3D Wind Data Satellite Network স্থাপন করবে হংকংয়ের স্টার্টআপ সংস্থা Stellerus Technology.
16. ক্যামেরুনের প্রেসিডেন্ট হিসেবে অষ্টমবার পুনর্নির্বাচিত হলেন 93 বছর বয়সী Paul Biya.
17. 26-28 অক্টোবর 47th ASEAN Summit অনুষ্ঠিত হল মালয়েশিয়ার কুয়ালালামপুরে। 2025 সালে এই বৈঠকের থিম রাখা হয়েছে- Inclusivity and Sustainability.
18. যুক্তরাজ্যে প্রথমবার জিআই-ট্যাগযুক্ত লেবু (Indi Lime ও Puliyanakudi Lime) রপ্তানি করল ভারত।
19. বিশ্বের সবচেয়ে দূষিত শহর হিসেবে শীর্ষ স্থানে রয়েছে পাকিস্তানের লাহোর। (***)Indi Lime 2023 সালে, কর্ণাটক রাজ্যের এবং Puliyanakudi Lime 2025 সালে, তামিলনাড়ু রাজ্যের GI tag প্রাপ্ত লেবু।
20. Gen Z ও পরবর্তী সব প্রজন্মের জন্য আজীবন ধূমপান নিষিদ্ধ করল মালদ্বীপ। 2007 সালের 1 জানুয়ারি বা তার পরে জন্ম নেওয়া ব্যক্তিদের জন্য ধূমপান নিষিদ্ধ করেছে। এর ফলে নিউজিল্যান্ডের পর মালদ্বীপ বিশ্বের দ্বিতীয় দেশ হিসেবে প্রজন্মভিত্তিক তামাক নিষেধাজ্ঞা কার্যকর করল।

নিয়োগ

1. WIPO Advisory Board of Judges-এর চেয়ারম্যান পদে নিযুক্ত হলেন দিল্লি হাইকোর্টের বিচারক প্রতিবা এম. সিং।
2. Google Cloud-এর Chief Product এবং Business Officer হিসেবে নিযুক্ত হলেন কার্তিক নারাইন।
3. ভারতের 53তম প্রধান বিচারপতি হতে চলেছেন সূর্য কান্ত। তিনি হরিয়ানার প্রথম কোনো আইনবিদ হিসেবে দেশের সর্বোচ্চ বিচারিক পদে অধিষ্ঠিত হয়ে চলেছেন। বর্তমান প্রধান বিচারপতি ভূষণ আর গাভাই পদত্যাগের পর, তিনি 24 নভেম্বর শপথ নেবেন। বিচারপতি কান্ত প্রায় 14 মাসের মেয়াদে 9 ফেব্রুয়ারি, 2027 তারিখে অবসর গ্রহণ করবেন।
4. Kotak Mahindra Bank-এর Part-Time Chairman হিসেবে পুনরায় নিযুক্ত হলেন সি এস রাজন।
5. Citigroup এর Chair of the Board হিসেবে নিযুক্ত হলেন Jane Fraser. তিনি বর্তমানে কোম্পানির CEO পদে আছেন।

পুরস্কার

1. Global Finance কর্তৃক 'World's Best Consumer Bank 2025' এবং 'Best Bank in India 2025' স্বীকৃতি পেল State Bank of India (SBI).
2. স্লোভেনিয়ার ব্লেন্ড শহরকে Best Tourism Village 2025 হিসেবে ঘোষণা করল জাতিসংঘ।
3. সম্প্রতি নাইটহুড উপাধিতে ভূষিত হলেন ইংল্যান্ডের ক্রিকেটার জেমস অ্যান্ডারসন।
4. পদার্থবিদ্যায় আজীবন অবদানের জন্য Vigyan Ratna Puraskar 2025 (মরণোত্তর)-এ সম্মানিত হলেন বিশিষ্ট পদার্থবিদ জয়ন্ত বিষ্ণু নারলিকার।

5. 'Rakesfall' শিরোনামে উপন্যাসের জন্য 2025 Ursula K. Le Guin Prize জিতলেন শ্রীলঙ্কার লেখক বজ্র চন্দ্রশেখর।
6. দক্ষিণ কোরিয়ার সর্বোচ্চ সম্মাননা Order of Mugunghwa পেলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট Lee Jae Myung এই সম্মান প্রদান করেন।
7. World Food Prize Foundation কর্তৃক Top Agri-Food Pioneer হিসেবে সম্মানিত হলেন পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত ভারতীয় শেফ সঞ্জীব কাপুর।
8. ভারতের প্রত্নতত্ত্ব ও গবেষণায় অসামান্য অবদানের জন্য Rajyotsava Award 2025-এ সম্মানিত হলেন প্রবীণ প্রত্নতত্ত্ববিদ অধ্যাপক রবীন্দ্র কোরিসেত্তুর।

দিন/থিম

1. সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রীয় একতা দিবস পালন করা হয় 31 অক্টোবর। 2025 সালের থিম রাখা হয়েছে- বৈচিত্রের মধ্যে ঐক্য : এক জাতি এক আত্মা। (**এবছর ভারতের লৌহমানব সর্দার বল্লভভাই প্যাটেলের 150তম জন্মবার্ষিকী পালিত হল। স্বাধীনতা পরবর্তী ভারতে 560 টিরও বেশি দেশীয় রাজ্যকে একত্রিত করে এবং শান্তি ও অখণ্ডতা খন্ডতা বৃদ্ধিতে তাঁর ভূমিকা পালনের জন্য এই দিবসটি পালিত হয়।)
2. International Day to End Impunity for Crimes Against Journalists (IDEI) পালিত হয় 2 নভেম্বর।
3. International Day for Biosphere Reserves পালিত হয় 3 নভেম্বর; 2025 থিম হল- "Connecting People and Nature for a Sustainable Planet".

খেলাধুলা

1. 19-23 জানুয়ারি অনুষ্ঠিত হবে পুনে গ্র্যান্ড ট্যুর 2026. পুরুষদের এই সাইকেলিং প্রতিযোগিতা প্রো স্টেজ এলিট রেস পর্যায়ের আন্তর্জাতিক ইভেন্ট। এটি ভারতে আয়োজিত হওয়া প্রথম কোনো এরকম ইভেন্ট।
2. সৌরভ গাঙ্গুলিকে অতিক্রম করে একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে তৃতীয় সর্বোচ্চ রান সংগ্রাহক ভারতীয় ক্রিকেটার হলেন রোহিত শর্মা।
3. রাজধানী ইটানগরে 69th National School Games 2025 (Under-17 Boys & Girls - Boxing) উদ্বোধন করলেন অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু।
4. U23 World Wrestling Championships 2025-এ 1টি সোনা, 2টি রূপো, 6টি ব্রোঞ্জ-সহ মোট 9 টি পদক জিতেছে ভারত।
5. ভারতের 90 তম গ্র্যান্ডমাস্টার হলেন চেন্নাইয়ের 16 বছর বয়সী Ilamparthi AR.
6. Asian Youth Games 2025-এ কাবাডিতে ডাবল স্বর্ণপদ জিতেছে ভারত।
7. 2025 Mexico City Grand Prix জিতলেন ব্রিটিশ রেসিং ড্রাইভার Lando Norris.
8. European Chess Club Cup 2025-এ স্বর্ণপদক জিতলেন ভারতীয় দাবা গ্র্যান্ডমাস্টার ডি গুকাশ এবং দিব্যা দেশমুখ।
9. ফ্রান্সে অনুষ্ঠিত 3rd Annemasse International Masters Tournament-এ দাবায় আন্তর্জাতিক মাস্টার খেতাব অর্জন করলেন পাঞ্জাবের নমিতবীর সিং ওয়ালিয়া।
10. দক্ষিণ আফ্রিকাকে পরাজিত করে প্রথমবার ICC Women's ODI World Cup জিতল ভারত।

2025 আইসিসি মহিলা ক্রিকেট বিশ্বকাপ

- সংস্করণ - 13তম
- আয়োজক:- ভারত ও শ্রীলঙ্কা
- চ্যাম্পিয়ন:- ভারত (1ম শিরোপা) (52 রানে জয়ী)
- রানার্স-আপ:- দক্ষিণ আফ্রিকা
- অংশগ্রহণকারী:- 8 টি দল
- সিরিজ সেরা খেলোয়াড়:- দীপ্তি শর্মা (ভারত)
- সর্বাধিক রান:- লরা ওলভার্ড (571) (সাউথ আফ্রিকা)
- সর্বাধিক উইকেট:- দীপ্তি শর্মা (22)

বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. কেরালার স্বাস্থ্য পরিষেবা উন্নতির জন্য 280 মিলিয়ন ডলার ঋণ অনুমোদন করল World Bank.

বই ও লেখক

1. "The Burning Earth: An Environmental History of the History of Last 500 Years" শিরোনামে বইয়ের জন্য British Academy Book Prize 2025 জিতলেন ভারতীয় বংশোদ্ভূত ইতিহাসবিদ সুনীল অমৃত। বইটিতে গত পাঁচ শতাব্দী ধরে মানুষের কার্যকলাপ, মুনাফার অর্জন, উপনিবেশকরণ এবং শিল্পায়ন বিষয়গুলি বর্ণনা করা হয়েছে।

বিবিধ

1. 2026 সালকে 'Year of ASEAN-India Maritime Cooperation' হিসেবে ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
2. সম্প্রতি ঘূর্ণিঝড় "মন্থা" আছড়ে পড়ল ভারতের পূর্ব উপকূলে। এই ঘূর্ণিঝড়ের নামকরণ করেছে থাইল্যান্ড; থাই ভাষায় এই শব্দের অর্থ- "সুগন্ধি ফুল" বা "সুন্দর ফুল"।
3. Dictionary.com এর দ্বারা 2025 Word of the Year হিসাবে ঘোষিত হল "6-7". (আলফা জেনারেশনের মধ্যে "অস্পষ্ট", "অর্থহীন" বোঝাতে এটি ব্যবহৃত হয়)।